দামুড়হুদায় ব্যাডমিন্টন টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

দামুড়হুদায় ব্যাডমিন্টন টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। দামুড়হুদা ব্যাডমিন্টন ক্লাবের আয়োজনে শিল্পকলা চত্বরে গত মঙ্গলবার রাত ৮টায় খেলা শুরু হয় এবং আজ বুধবার ভোর সাড়ে ৪টায় খেলার পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয় ।

দামুড়হুদা ব্যাডমিন্টন ক্লাবের কোষাধক্ষ্য আব্দুল মোমিন এর সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা ব্যাডমিন্টন ক্লাবের উপদেষ্টা ও রাজশাহী বিভাগীয় কমিশনার কার্যালয়ের সিনিয়র সহকারী কমিশনার ভূমি নাজমুল আলম উদয়, সাংবাদিক হাবিবুর রহমান হাবিব, বিশিষ্ট সমাজসেবক খাজা মো: আরিফ উদ্দিন, সাফা এন্টারপ্রাইজ এর সত্বাধিকারী তাজ উদ্দিন, দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের সহ-সভাপতি ইমরোজ উদ্দিন খোকন, দামুড়হুদা ব্যাডমিন্টন ক্লাবের সভাপতি হায়দার আলী, সাধারণ সম্পাদক মাহফুজুর রহমান জনি, তরফদার মোস্তাক উদ্দিন, সাবেক মেম্বার আবুল হাসেম।

অনুষ্ঠানের সার্বিক সহযোগিতায় ছিলেন প্রবাসী আব্দুর রহমান জসিম, সুমন, মমিন, রাজ্জাক, সবুজ, সোহেল, অন্তর প্রমূখ। খেলায় যে দুটি দল অংশগ্রহণ করেন তারা হলেন, আরজু আহমেদ রাকিবের দামুড়হুদা হেসেল ঘর এন্ড রেস্টুরেন্ট এবং ঝিনাইদহ কালুহাটির সাহা ব্যাডমিন্টন ক্লাব। খেলায় সাহা ব্যাডমিন্টন ক্লাব চ্যাম্পিয়ন এবং হেসেল ঘর এন্ড রেস্টুরেন্ট রানার আপ হয়।

উক্ত খেলায় রেফারি হিসেবে দায়িত্ব পালন করেন চুয়াডাঙ্গার রাসেল আহমেদ এবং দামুড়হুদার শওকত হোসেন। চ্যাম্পিয়ন দলকে ৩০ হাজার টাকা এবং রানার আপ দলকে ২০ হাজার টাকা পুরস্কার দেওয়া হয়।

দামুড়হুদা ডুগডুগী বাজারে পল্লী বিদ্যুৎতের ৩টি ট্রান্সফার্মা চুরি

দামুড়হুদা ডুগডুগী বাজারে শাকিল রাইচ মিলের সংযোগকৃত পোলের প্রায় আড়াই লক্ষ টাকা মূল্যের ৩টা ট্রান্সফার্মা চুরি হয়েছে।

মঙ্গলবার আনুমানিক রাত ৮টা থেকে ভোর ৫টার মধ্য সময়ে চুরি হয় বলে জানাগেছে। শাকিল উপজেলার লোকনাথপুর বাস স্ট্যান্ড পাড়ার মৃত মজিবর রহমানের ছেলে।

সরজমিনে স্থানীয় সুত্রে জানাযায়, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ডুগডুগী গ্রামের গোরস্তানের অদূরে দামুড়হুদা দর্শনা মহাসড়কের পাশে শাকিল রাইচমিলের পল্লী বিদ্যুতের সংযোগকৃত দর্শনা- ২বি ৫২০৩০১ নং পোলের প্রায় আড়াই লক্ষ টাকা মূল্যের ৩টা ট্রান্সফার্মা চুরি করে নিয়ে যাই চোরের দল।

পোল থেকে ট্রান্সফার্মার হেঙ্গারের হ্যাজবল খুলে নিচে মাটিতে নামিয়ে ট্রন্সফর্মার ভেতরে থাকা তামা ও তেল নিয়ে পালিয়ে যাই তারা। এসময় ট্রন্সফর্মার ক্যাচিং ও ভিতরে থাকা টিনের কোর ফেলে গেছে। চুরির সময় ট্রন্সফর্মায় দড়ি বেঁধে নিচে নামিয়েছে। প্রতিটি ট্রন্সফর্মার মূল্য ৭৫ হাজার ৮শত ৫০ টাকা।

সকাল ৭টার দিকে রাইস মিলের হেলপার মনিরুল ইসলাম মিলটি খোলে। তখন বিদ্যুৎ ছিল না। সে মনে করেছিল হয়তো বিদ্যুৎ চলে গেছে। এরপর সকাল ৮টার দিকে রাইচ মিলের মিস্ত্রি দর্শনা আজিমপুরের শ্রী ঈশ্বর অরুন চন্দ্র বিশ্বাস এর ছেলে শ্রী উত্তম চন্দ্র রাইস মিলে প্রতিদিনের ন্যায় কাজ করতে আসে। এসে দেখে বিদ্যুৎ নাই। সেও ভেবেছিল হয়তো বিদ্যুৎ চলে গেছে। সকাল সাড়ে ৯টার দিকে লোকনাথপুর গ্রামের রাসেল শাহ্’র মাধ্যমে প্রথম জানতে পারে সংযোগকৃত বৈদ্যুতিক পোলের ৩টি ট্রান্সফরমা চুরি হয়ে গেছে। খবরপেয়ে দামুড়হুদা মডেল থানা পুলিশ এবং পল্লী বিদ্যুতের দর্শনা অফিসের লোকজন ঘটনাস্থল পরিদর্শন করেন।

দর্শনা পল্লী বিদ্যুৎ অফিসের লাইন ম্যান ইমরান হোসেন বলেন, এটা পরিকল্পিত চুরি। আমরা ঘটনাস্থল পরিদর্শন করেছি। মেন লাইনের কাটাউট খুলে সংযোগ বন্ধ করে এই চুরি করেছে। ট্রন্সফর্মারের হেঙ্গারের হ্যাজবল খুলে নিচে মাটিতে নামিয়ে ট্রন্সফর্মার ভেতর থেকে টিনের কোর খুলে কপারগুলো বা তামাগুলো নিয়ে পালিয়ে গেছে। ট্রন্সফর্মার ক্যাচিং এর ভেতর যে তেল থাকে সেটাও নিয়ে গেছে। বাদবাকি সব ফেলে থুয়ে গেছে। মুলত কপার অর্থাৎ তামা এবং তেল চোরেরদল নিয়েগেছে। ট্রন্সফর্মার ৩টা খুলতে আনুমানিক তাদের প্রায় ৪৫ মিনিট সময় লাগতে পারে। ৩টি ট্রন্সফর্মার মধ্যে ২টা টিএস কোম্পানির এবং ১টা কনফিডেন্স কোম্পানির।

শাকিল রাইচ মিলের স্বত্বাধিকারী শাকিল আহসান বিদেশে থাকায় রাইচ মিলটি দেখাশুনার ও দায়-দায়িত্বে আছে শকিলের স্ত্রী’র ভাই জয়রামপুর গ্রামের মোস্তফা কামালের ছেলে তানভীর রহমান।

তিনি বলেন, রাইস মিলটি চালু করার জন্য জমি থেকে শুরু করে পল্লী বিদ্যুতের সংযোগ নেওয়া পর্যন্ত প্রায় ২২ লক্ষ টাকা খরচ হয়েছে। এর মধ্যে পল্লী বিদ্যুতের পোল এবং ট্রন্সফর্মা কেনা হয়েছে। এখন নতুন করে ট্রান্সফরমা বসাতে গেলে প্রায় আড়াই লক্ষ টাকা খরচ হবে। প্রতিটা ট্রান্সফরমা ছিল ১৫ কেভির। রাইস মিলটিতে বিদ্যুৎ সংযোগ না থাকা এবং নতুন করে ট্রান্সফরমা না বসানো পর্যন্ত আপাতত বন্ধ থাকবে মিলটি। এখানে মিস্ত্রি হেল্পার সহ মোট তিনজন লোক কাজ করে।

দর্শনা পল্লীবিদ্যুৎ অফিসের জুনিয়র ইন্জিনিয়ার ওমর ফারুক ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, ডুগডুগী শাকিল রাইচ মিলের বিদ্যুৎ সংযোগকৃত পোল থেকে ৩টা ট্রান্সফরমা চুরি হয়ে গেছে। যদি প্রথমবার চুরি হয় তাহলে গ্রাহকের অর্ধেক মূল্য পরিশোধ করলে নতুন করে ট্রান্সফর্মা দেওয়া হয়। আর যদি ২য় বার চুরি হয় তাহলে সম্পূর্ণ মূল্য পরিশোধ করে ট্রান্সফরমা নিতে হয়। এখন তাদের প্রথমবার চুরি হয়েছে কিনা এটা আমার জানা নেই ফাইল পত্র দেখতে হবে।

আমাদের দর্শনা পল্লী বিদ্যুৎ অফিসের পক্ষ থেকে আগামীকাল বুধবার দামুড়হুদা মডেল থানায় একটা এফআইআর করা হবে। যে ট্রান্সফরমা গুলো চুরি হয়েছে তার প্রতিটির ওজন আনুমানিক ১৩৫কেজি হবে। এর মধ্যে ৩৫কেজি তেল থাকে। তবে যারাই এধরণের দুঃসাহসিক চুরির কাজ করে তারা খুব বেশী দামে এসব বিক্রয় করতে পারেনা। ট্রান্সফরমার মধ্যে যে

তেল থাকে সেটা ট্রান্সফরমার কাজে ছাড়া ব্যাবহার হয়না। কেউ যদি আগুন ধরানোর কাজে ওই তেল ব্যাবহার করে তাহলে করতে পারে। মূলত ট্রান্সফরমার কাজে ছাড়া ওই তেল ব্যাবহার হয়না।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার ইন্সপেক্টর অপারেশন সফিউল আলম বলেন, বিষয়টি জানার পরে ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে, আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন।

দামুড়হুদায় জলাতঙ্ক রোগ নির্মূলে অবহিতকরণ সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় জলাতঙ্ক রোগ নির্মূলে কুকুরের টিকাদান কার্যক্রম বাস্তবায়নে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বেলা সাড়ে ১১ টার দিকে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কন্ফারেন্স রুমে

স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ শাখার উদ্যোগে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়।

এসময় স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ স্বাস্থ্য অধিদপ্তর রোগ নিয়ন্ত্রণ শাখার প্রোগ্রাম অফিসার আমজাদ হোসাইন। সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: হেলেনা আক্তার নিপা।

এ ছাড়ার উপস্থিত ছিলেন উপজেলা প্রাণিসম্পদ ডা: তাছলিমা খাতুন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা: ফারহানা ওয়াহিদ তানী, দামুড়হুদা উপজেলা ভেটেরিনারি সার্জন ডা: নাজমুল হাসান শাওন, জুড়ানপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, দর্শনা পৌরসভার ভারপ্রাপ্ত মেয়র রবিউল হক সুমন, কার্পাসডাঙ্গা ইউপি সদস্য

মনিরুজ্জামান, উপজেলা স্বাস্থ্য পরিদর্শক কামাল উদ্দিন, ইপিআই টেকনিশিয়ান ফারুক আহমেদ, পরিসংখ্যানবিদ শাহজাহান হোসেনসহ অন্যান্য অতিথিবৃন্দ।

সভায় আগামি ১০ থেকে ১৪ ফেব্রুয়ারী ৫ দিনব্যাপি দামুড়হুদা উপজলায় পোষা ও বেওয়ারিশ কুকুরের জলাতঙ্ক প্রতিষেধক টিকা প্রদান কার্যক্রম পরিচালিত হবে বলে জানান সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন দামুড়হুদা উপজেলা সেনেটারী ইন্সেপক্টর জামাত আলী।

দামুড়হুদায় যুব ও সামাজিক নেতৃবৃন্দের ভূমিকা বিষয়ে সংলাপ অনুষ্ঠিত

দামুড়হুদায় শিক্ষা ও সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে দরিদ্র জনগনের অধিকার আদায়ে যুব ও সামাজিক নেতৃবৃন্দের ভূমিকা বিষয়ে সংলাপ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বেলা ১টার দিকে ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় দামুড়হুদা দর্শনা হঠাৎপাড়ায় ওয়েভ ফাউন্ডেশন ট্রেড ট্রেনিং সেন্টারে উক্ত সংলাপ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

এসময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা মেডিকেল অফিসার মকলেছুর রহমান,দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সহ-সাধারন সম্পাদক হানিফ মন্ডল, অধ্যক্ষ ট্রেড ট্রেনিং সেন্টার দর্শনা অফিস আব্দুস সালাম, ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী আনিসুর রহমান, সিনিয়র প্রোগ্রাম অফিসার আব্দুল আলীম সজল, সাইফুল ইসলাম, দামুড়হুদা উপজেলা লোকমোর্চার দপ্তর সম্পাদক ইউনুস আলী, পরিবেশ বিষয়ক

সম্পাদক মোজাম্মেল শিশির, হাউলী ইউনিয়ন লোকমোর্চার সাধারণ সম্পাদক মজিবার রহমান, সহ-সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, নির্বাহী সদস্য টিপু সুলতান, প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন প্রমূখ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ।

দামুড়হুদায় সুপার সেভেন ফুটবল লীগের ফাইনাল খেলা অনুষ্ঠিত

মহান বিজয় দিবস উপলক্ষে সুপার সেভেন ফুটবল লীগ ২০২২এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। খেলায় ইমান ফল ভান্ডার একাদশ চ্যাম্পিয়ন হয়েছে।

শনিবার বিকালে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে খেলাটি অনুষ্ঠিত হয়। ইমান ফল ভান্ডার একাদশ ও সোনালী অতিত মুখোমুখি হয়। খেলায় ইমান ভল ভান্ডার একাদশ ১-০গোলে সোনালী অতিত কে পরাজিত করে। খেলা শেষে পুরষ্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এসময় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নিউ স্টার ক্লাবের সভাপতি শাহীন উদ্দীন, দামুড়হুদা ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল হালিম ভুট্ট, উপসহকারী কৃষি কর্মকর্তা সাইফুল ইসলাম, দামুড়হুদা উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের অফিস সহকারী মশিউর রহমান।

এসময় আরও উপস্থিত ছিলেন সাবেক খেলোয়াড় লুৎফর রহমান, এনামুল হক প্রমুখ। ম্যাচ সেরা পুরষ্কার পান সাইদ, টুর্নামেন্টের সেরা সুমন। খেলা পরিচালনা করেন ইউসুফ আলী, সহকারী ছিলেন সৈয়দ মাসুদুর রহমান খোকন, ইখতিয়ার হোসেন, নুরুল ইসলাম।

দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের আয়োজনে খেলাটির সার্বিক সহযোগিতায় ছিলেন সহিদ আজম সদু।

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় ওয়ার্কাস পার্টির মতবিনিময় সভা

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় ওয়ার্কাস পার্টির মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকাল ৩টার দিকে কার্পাসডাঙ্গা আশ্রয়ন প্রকল্প চত্ত্বরে।

দামুড়হুদা থানা কমিটির সভাপতি কমরেড আনছার আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা কমিটির সাধারন সম্পাদক কমরেড আনোয়ার হোসেন বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কমরেড শিক্ষক সিরাজুল ইসলাম বদ্দী,কমরেড আমিনুল ইসলাম লাল্টু,কমরেড নুরুল হুদা,কমরেড আ:মান্নান, কমরেড নজরুল ইসলাম। কাশেম,মিলন,সামাদুল হক।

অনুষ্ঠানটি পরিচালনা করেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন শাখার সভাপতি কমরেড আ:সামাদ।

দামুড়হুদায় স্পোটিং ক্লাব কতৃক আয়োজিত ক্রিকেট টুর্নামেন্টর ফাইনাল খেলা অনুষ্ঠিত

দামুড়হুদায় দশমী স্থানীয় পাড়া স্পোটিং ক্লাব কতৃক আয়োজিত ক্রিকেট টুর্নামেন্টর ফাইনাল খেলা ও পুরুষ্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকাল ১০ টায় দামুড়হুদা দশমী স্থানীয় পাড়া স্পোটিং ক্লাব কতৃক ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করা হয়। টুর্নামেন্টে তিনটি দল অংশগ্রহণ করেন দশমী স্থানীয় পাড়া, বনানী পাড়া ও পলাশী পাড়া একাদশ অংশগ্রহণ করে। খেলায় দশমী স্থানীয় পাড়া একাদশ চ্যাম্পিয়ন ও পলাশী পাড়া একাদশ রানার আপ হয়।

খেলায় অ্যাম্পায়ার ছিলেন নাঈম হাসান মন্ডল। খেলা শেষে চ্যাম্পিয়ন ও রানারআপ দলের মাঝে পুরুষ্কার বিতরণ করা হয়। পুরুষ্কার বিতরণ করেন দশমী স্থানীয় পাড়া ক্লাবের প্রতিষ্ঠা সভাপতি শেখ হাফিজুর শামসের। তিনি বলেন মাদকের ভয়াল থাবা থেকে যুব সমাজকে বাচাঁতে হলে খেলাধুলার বিকল্প নেই, তাই আমাদের সকলকে খেলাধুলার প্রতি মনোনিবেশ করতে হবে।

এসময় আরো উপস্থিত ছিলেন সিনিয়র সহ-সভাপতি সাইফুল ইসলাম, সহ-সভাপতি আলামিন হক টনি, সাধারণ সম্পাদক নাঈম হাসান মন্ডল, যুগ্ম সম্পাদক আবদুল করিম,সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজ মুগ্ধ, বহিঃ সম্পর্ক বিষয়ক সম্পাদক সিজান পারভেজ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আলিফ মাহমুদ জীবন।

দামুড়হুদায় জাতীয় নিরাপদ খাদ্য দিবস পালিত

‘নিরাপদ খাদ্য ও সমৃদ্ধি জাতি, স্মার্ট বাংলাদেশ গড়ার চাবিকাঠি ‘ এ উপপাদ্যকে সামনে রেখে দামুড়হুদায় জাতীয় নিরাপদ খাদ্য দিবস পালিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০টায় দামুড়হুদা কোষাঘাটা গ্রামে ওয়েভ ফাউন্ডেশনের মিশ্রখামার মিলনায়তনে নিরাপদ খাদ্য দিবস পালিত হয়। এ উপলক্ষে দামুড়হুদা উপজেলা শহরে এক শোভাযাত্রা অনুষ্ঠিত হয় এবং শোভাযাত্রা শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে পিকেএসএফের সহযোগীতায় ফাউন্ডেশনের উপ-পরিচালক জহির রায়হানের সভাপতিত্বে ও ফাউন্ডেশনের কৃষি কর্মকর্তা

কৃষিবিদ শওকত হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় অতিথি হিসেবে উপস্থিত থেকে আলোচনা করেন চুয়াডাঙ্গা জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা সজীব পাল, দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান মনির, ফাউন্ডেশনের অনুষ্ঠান উপদেষ্টা আব্দুস শুকুর, জ্যেষ্ঠ সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ ও জিল্লুর রহমান, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল।

আলোচনা সভায় বক্তারা বলেন, খাদ্যজনিত অসুস্থতা রোধ করতে খাদ্য নিরাপদ রাখা অপরিহার্য। মাত্রাতিরিক্ত কীটনাশক ও রাসায়নিক সার ব্যবহার করে কৃষক তার অজান্তেই সব্জি ও ফলমূল বিষাক্ত করে তুলছেন। সেটা সচেতনতার সঙ্গে দেখতে হবে যেনো ওগুলো মানুষ কিনে শারীরিকভাবে ক্ষতিগ্রস্ত না হয়।

আলোচনা শেষে কুইজ ও রচনা প্রতিযোগীতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

দামুড়হুদায় ফাস্ট মাল্টিমিডিয়া মডেল স্কুলে ক্রীড়া প্রতিযোগিতা ও পুরুষ্কার বিতরণ

দামুড়হুদায় ফাস্ট মাল্টি মিডিয়া মডেল স্কুলের আয়োজনে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে পতাকা উত্তোলনের মধ্য দিয়ে প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

জাতীয় পতাকা উত্তোলন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা এবং ক্রীড়া পতাকা উত্তোলন করেন দামুড়হুদা মডেল থানার ওসি ফেরদৌস ওয়াহিদ।

শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন ফাস্ট মাল্টিমিডিয়া

মডেল স্কুলের ধর্মীয় শিক্ষক ইউনুস আলী। দিনব্যাপী ক্রীড়া প্রতিযোগিতা শেষে বিকেলে বিজয়ীদের মাঝে পুরুষ্কার বিতরণ করা হয়।

ফাস্ট মাল্টিমিডিয়া মডেল স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলীর সভাপতিত্বে পুরুষ্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, লেখা পড়ার পাশাপাশি খেলাধুলার গুরুত্ব অপরিসীম। খেলার মাধ্যমে দেশকে বিশ্বের দরবারে তুলে ধরা যায়। এছাড়া খেলাধুলা শিশুদের শারিরীক গঠনের পাশাপাশি মেধার বিকাশ ঘটায়।

ফাস্ট মাল্টিমিডিয়া মডেল স্কুলের সিনিয়র শিক্ষক আরটিভির চুয়াডাঙ্গা প্রতিনিধি জহির রায়হান সোহাগের প্রাণবন্ত উপস্থাপনায় পুরুষ্কার বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, দামুড়হুদা মডেল থানার ওসি ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক প্রেসক্লাব সভাপতি এম. নুরুন্নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শিক্ষক মোমিনুল হক, ইউপি সদস্য নুরুল ইসলাম, শামসুল ইসলাম, জাহিদুল ইসলাম, ফারইস্ট লাইফ ইন্স্যুরেন্সের চুয়াডাঙ্গা জোনাল ম্যানেজার জাহাঙ্গীর আলম।

ফাস্ট মাল্টিমিডিয়া শিক্ষক আলী কামাল আশরাফুল হক সাইদুর রহমান সালাউদ্দিন এবি এম রাশেদুজ্জামান নাসিমা খাতুন আব্দুল খালেক আসাদুল হক সাফায়েত হোসেন ওমর ফারুক আনোয়ার হোসেন ও লিটন। আরো উপস্থিত ছিলেন স্কুলের শিক্ষক রাজু আহমেদ, হুজাইফা হোসেন, এম এম আসাদুজ্জামান, সাব্বির, সাদ্দাম হোসেন, হারুন-অর-রশিদ, ফয়সাল উদ্দিন, স্বপন আলী, শাকিল খান, ইউনুস আলী, শারমিন সুলতানা, সুবর্ণা সুলতানা দিতি, রত্না হোসেন যূথী, শারমিন আহমেদ দিয়া, নাজমা খাতুন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ফাস্ট মাল্টি মিডিয়া মডেল স্কুলের পরিচালক মাসুম বিল্লাহ। পুরুষ্কার বিতরণ শেষে সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান ও জাদু প্রদর্শণ করা হয়। জাদু প্রদর্শণ করেন দামুড়হুদার কৃতি সন্তান দেশ বরেন্য যাদু শিল্পী মোহাম্মদ আলী

ওরফে জুনিয়র মন্টু। সঙ্গীত পরিবেশন করেন ফাস্ট মাল্টিমিডিয়া মডেল স্কুলের ছাত্র-ছাত্রী ও দামুড়হুদা শিল্পকলা একাডেমির শিল্পীবৃন্দ।

দামুড়হুদায় অবৈধ ট্রাক্টর পাখি ভ্যান ও আলম সাধুর সংঘর্ষে স্কুলছাত্রীসহ আহত ৪

দামুড়হুদা উপজেলার জয়রামপুর শেখ ইট ভাটার সামনে অবৈধ ট্রাক্টর পাখি ভ্যান ও আলম সাধু মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে আলম সাধু চালক ও পাখি ভ্যানে থাকা যাত্রীসহ ৪জন গুরুতর আহত হয়েছে।

আহতরা হলেন, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর গ্রামের মৃত দবির উদ্দিনের ছেলে ভ্যান চালক নাসির উদ্দিন (৫৫), জাহিদুল ইসলামের মেয়ে সুমাইয়া খাতুন (১২), শফিউর রহমানের মেয়ে শেফা খাতুন (১২)ও কাদিপুর গাংপাড়া গ্রামের মকবুল হোসেনের ছেলে আলম সাধু চালক হোসাইন (১৮)।

বৃহস্পতিবার সকাল সাড়ে ৮টার দিকে তাদেরকে স্থানীয় লোকজন উদ্ধার করে প্রথমে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হইতে প্রাথমিক চিকিৎসা দিয়ে উন্নত চিকিৎসার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রেফার্ড করেন।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরী বিভাগের কর্তব্যরত ডাক্তার, ওয়াহেদ মাহমুদ রবিন প্রাথমিক চিকিৎসা দিয়ে আলম সাধু চালকের অবস্থা আশঙ্কাজনক হাওয়ায় রাজশাহী রেফার্ড করেন, পাখি ভ্যানের যাত্রী সুমাইয়া খাতুন কে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে রাখেন। পাখি ভ্যান চালক নাসির উদ্দিন ও পাখি ভ্যানের যাত্রী মোছাম্মৎ সেফা খাতুন কে প্রাথমিক চিকিৎসা দিয়ে ছাড়পত্র প্রদান করেন।

স্থানীয়রা সূত্রে জানা যায়, দামুড়হুদা অভিমুখ হইতে আসছিলো অবৈধ ট্রাক্টর, দর্শনা অভিমুখ হইতে আসছিলো আলম সাধু ও জয়রামপুর থেকে পাখি ভ্যান চালক দুইজন স্কুলছাত্রী নিয়ে দামুড়হুদায় আসছিলো এই সময় হাউলী ইউনিয়নের জয়রামপুর শেখ ইট ভাটার সামনে পৌছালে একটি অবৈধ ট্রাক্টর অন অভিজ্ঞ ড্রাইভার পাখি ভ্যান ও আলম সাধুর সামনাসামনে ধাক্কা মারে । এতে আলম সাধু চালক, পাখি ভ্যান চালক সহ যাত্রীরা ছিটকে পাকা রাস্তায় পড়ে গুরুতর আহত হয়।

স্থানীয় লোকজন তাদেরকে উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রেফার্ড করেন। অবৈধ ট্রাক্টর ড্রাইভার ঘটনাস্থল থেকে পালিয়ে গেলেও ট্রাক্টরটি দামুড়হুদা মডেল থানা হেফাজতে নেন পুলিশ।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ বলেন, দূঘটনার খবর পেয়ে আমরা ঘটনাস্থানে যায়,আহত ৪ জনকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রেফার্ড করা হয়েছে।ট্রাক্টরটি আমাদের হেফাজতে রয়েছে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগে কর্তব্যরত চিকিৎসক নূর জাহান রুমি বলেন, দুইজনের প্রাথমিক চিকিৎসা দিয়ে ছাড়পত্র দেওয়া হয়েছে, একজনকে হাসপাতালে ভর্তি রাখা হয়েছে,অপর একজন আশংকাজনক হওয়ায় রাজশাহী রেফার্ড করা হয়েছে।